এটা খুলে ফেলো, কারণ তা তোমার অবসন্নতাই বৃদ্ধি করবে। যদি তুমি মারা যাও আর এটি তোমার কাছে রয়েছে, তবে তুমি কখনো সফল হবে না।

ইমরান ইবন হুসাইন রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফূ‘ হিসেবে বর্ণিত: নবী সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির হাতে পিতলের বালা দেখে জিজ্ঞেস করেন, এই বালাটা কী?
সে বললো, এটা অবসন্নতা জনিত রোগের জন্য ধারণ করেছি। তিনি বললেন, “এটা খুলে ফেলো,
কারণ তা তোমার অবসন্নতাই বৃদ্ধি করবে। যদি তুমি মারা যাও আর এটি তোমার কাছে রয়েছে, তবে তুমি কখনো সফল হবে না”। [হাসান] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

ইমরান ইবন হুসাইন রাদিয়াল্লাহ ‘আনহু শির্কের বিরুদ্ধে সংগ্রাম করা ও মানুষকে তা থেকে মুক্ত করার ব্যাপারে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অবস্থান তুলে ধরেন। তার অবস্থান হলো, তিনি এক ব্যক্তিকে হলুদ বর্ণের পিতল দ্বারা নির্মিত একটি বালা পরিহিত দেখতে পেলেন। তারপর তিনি তাকে জিজ্ঞেস করেন, কোন জিনিসটি তাকে তা পরিধান করতে উদ্বুদ্ধ করল। তখন লোকটি বলল, সে তা পরিধান করছে যাতে ব্যথা থেকে রক্ষা পায়। তখন তিনি তাকে তাড়াতাড়ি তা ফেলে দেওয়ার নির্দেশ দিলেন। আর তাকে সংবাদ দিলেন যে, তা কোন উপকার করে না বরং তা তোমার ক্ষতি করে। বরং যে ব্যথার কারণে তা পরিধান করছে তা তার ব্যথা আরও বৃদ্ধিই করবে। এর চেয়ে আরও বড় বিষয় হলো, যদি তার মৃত্যু পর্যন্ত তার ওপর তা দীর্ঘায়িত হয়, সে আখিরাতে সফলতা থেকে বঞ্চিত হবে।

https://sunnah.global/hadeeth/bn/show/6362